গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
গণগ্রন্থাগার অধিদপ্তর
'দেশব্যাপী ভ্রাম্যমাণ লাইব্রেরি প্রকল্প (৩য় সংশোধিত)'
আইইবি ভবন, রমনা, ঢাকা।

নং-৪৩.২৬.০০০০.০০৬.৫৭.১৪.০১.২০১৮- ১০৭৭

তারিখ: ২১ জৈষ্ঠ্য ১৪৩৩ বঙ্গাব্দ
০৪ জুন ২০২৬ খ্রিষ্টাব্দ

## পুস্তক ক্রয়ের তালিকা আহ্বান বিজ্ঞপ্তি

গণগ্রন্থাগার অধিদপ্তরের বাস্তবায়নাধীন দেশব্যাপী ভ্রাম্যমাণ লাইব্রেরি প্রকল্পের গাড়ি-লাইব্রেরিসমূহের জন্য ২০২৫-২৬ অর্থবছরের বিভিন্ন বিষয়ক দেশি পুস্তক ক্রয়ের নিমিত্ত পুস্তক প্রকাশক, পরিবেশক ও লেখকগণের কাছ থেকে ১ জানুয়ারি ২০২৫ থেকে ১০ জুন ২০২৬ সময়কালের মধ্যে প্রকাশিত পুস্তকের নমুনা কপিসহ তালিকা আহ্বান করা যাচ্ছে। প্রকাশক কর্তৃক প্রদত্ত তালিকার সাথে প্রকাশের হাল সনের ট্রেড লাইসেন্স, ২০২৫-২৬ করবর্ষের আয়কর প্রত্যয়নপত্রের ফটোকপি গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়ন করে জমা দিতে হবে। **দেশি বইয়ের ক্ষেত্রে গুরুত্ব অনুসারে সবচেয়ে ভালো মানের ১০টি বই তালিকায় অন্তর্ভুক্ত করা যাবে। তালিকায় অন্তর্ভুক্ত বইয়ের ৪৫% অবশ্যই শিশু-কিশোরদের উপযোগী হতে হবে।** বইয়ের সাথে লেখা মূল্য অনুযায়ী সর্বোচ্চ ৫০০/=(পাঁচশত টাকা) মূল্যের বই তালিকায় অর্ন্তভুক্ত করা যাবে। আগ্রহী প্রকাশক, পরিবেশক ও লেখকগণকে নিম্নবর্ণিত ছক অনুযায়ী প্রতিটি বইয়ের কমপক্ষে ২ (দুই) কপি এবং তালিকার সফট কপি ও হার্ড কপি আগামী ১৮.০৬.২০২৬খ্রি: তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী দপ্তরে জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।

### দেশি পুস্তকের ছক

| ক্র. নং | লেখকের নাম | শিরোনাম | প্রকাশনের নাম, ঠিকানা ও সেলফোন নম্বর | প্রকাশের তারিখ | সংস্করণ | পৃষ্ঠা সংখ্যা | বিষয় | মূল্য | আইএসবিএন | কাগজের ধরন | বাঁধাইয়ের ধরন | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ |

শর্তাবলীঃ

১। পুস্তকের তালিকা উপরে প্রদত্ত ছক অনুযায়ী MS Word ফাইলে হতে হবে এবং বাংলায় লেখাগুলো অবশ্যই ইউনিকোড ফন্ট, Nikosh ফন্টে হতে হবে।

২। ছকের কোনো ফিল্ডে তথ্যের পুনরুল্লেখ করার ক্ষেত্রে অসম্পূর্ণ তথ্যটি লিখতে হবে, ঐ অথবা Do ব্যবহার করা যাবে না।

৩। ছকের ৫নং কলামে অর্থাৎ প্রকাশের তারিখের ঘরে মাসের নাম পুরোপুরি ইংরেজিতে লিখতে হবে। মূল্য এবং পৃষ্ঠা সংখ্যা ইংরেজিতে লিখতে হবে। ছকের ৯ নং কলামে মূল্য অংকে লিখতে হবে। মূল্যের ঘরে ''টাকা'' বা ''/='' চিহ্ন দেয়া যাবে না।

৪। ছকে প্রদত্ত তথ্যসমূহ সঠিকভাবে উপস্থাপন করতে হবে। কোনোক্রমেই ছক পরিবর্তন করা যাবে না। ছক পরিবর্তন করা হলে তালিকা গ্রহণ করা হবে না।

৫। কপিরাইট আইনের পরিপন্থী, পাইরেটেড কোনো বই তালিকায় থাকলে প্রকাশনা প্রতিষ্ঠানকে বাছাই তালিকা থেকে বাদ দেয়াসহ আইনগত ব্যবস্থা নেয়া হবে।

৬। গণগ্রন্থাগার অধিদপ্তরের ওয়েবপোর্টাল www.publiclibrary.gov.bd থেকে ছকটি ডাউনলোড করে তালিকা তৈরি করা যাবে।

৭। পুণর্মূদ্রণ এবং সংস্করণের বই জমা নেয়া হবে না।

০৪.৬.২৬

(মু: বিল্লাল হোসেন খান)
প্রকল্প পরিচালক (যুগ্মসচিব)
দেশব্যাপী ভ্রাম্যমাণ লাইব্রেরি প্রকল্প
(৩য় সংশোধিত)